৪ ডিসেম্বর, ২০২৫

# গাজায় যুদ্ধবিরতির দ্বিতীয় পর্যায় শুরুতে অগ্রগতি: ট্রাম্প



সংগৃহীত ছবি

গাজা সংকট নিরসনে শিগগিরই যুদ্ধবিরতির দ্বিতীয় পর্যায় কার্যকর হতে পারে বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তাঁর মতে, হামাস ও ইসরায়েলকে নিয়ে চলমান কূটনৈতিক প্রক্রিয়ায় কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে সমঝোতার পথ তৈরি হয়েছে।

বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) এ তথ্য নিশ্চিত করেছে আনাদোলু এজেন্সি সহ আন্তর্জাতিক বিভিন্ন সংবাদমাধ্যম। কূটনীতিক সূত্র বলছে, যুক্তরাষ্ট্র, কাতার ও মিশরের সক্রিয় মধ্যস্থতায় আলোচনায় নতুন গতি এসেছে।

গত ১০ অক্টোবর প্রথম ধাপের যুদ্ধবিরতি ঘোষণা হলেও বাস্তবে তা টেকসই হয়নি। বিভিন্ন সময়ে ইসরায়েলের পুনরাবৃত্ত হামলায় প্রায় ৪০০ ফিলিস্তিনির প্রাণহানি ঘটে—যা যুদ্ধবিরতির শর্ত লঙ্ঘনেরই বহিঃপ্রকাশ বলে দাবি স্থানীয় সূত্রের।

এ অবস্থায় বুধবার (৩ ডিসেম্বর) খান ইউনিসে বাস্তুচ্যুত মানুষের ওপর বিমান ও কামান হামলায় অন্তত পাঁচজন নিহত হন। ইসরায়েলি বাহিনীর দাবি—তাদের সেনাদের লক্ষ্য করে হামলা চালানো হয়েছিল, যার জবাবেই অভিযান পরিচালিত হয়।

তবে হামাস ও ইসরায়েলের মধ্যে দ্বিতীয় ধাপের যুদ্ধবিরতির আনুষ্ঠানিক চুক্তি এখনও স্বাক্ষর হয়নি। যদিও যুক্তরাষ্ট্র জানিয়েছে, বিষয়টি কার্যকর করতে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের মাধ্যমে একটি কাঠামোগত প্রক্রিয়া নির্ধারণ করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী, দ্বিতীয় ধাপ শুরু হলে গাজায় প্রশাসনিক দায়িত্ব নেবে একটি টেকনোক্র্যাট সরকার।